

দৈনিক

সারাবিশ্বের বাংলাভাষী মানুষের মুখপত্র

বাংলাদেশ সমাচার

The Daily Bangladesh Shomachar



মঙ্গলবার ২৩ ফেব্রুয়ারি ২০২১

১০ ফাল্গুন ১৪২৭ বাংলা • ১০ রজব ১৪৪২ হিজরী • রেজিঃ নং ডিএ ৬৩৭১ • বর্ষ ৫ • সংখ্যা ২৯৪

পৃষ্ঠা ৮ দাম ৫ টাকা

8

আমড়া বাংলাদেশ ও ডাউন সিনড্রোম সোসাইটি অব বাংলাদেশের উদ্যোগে অমর একুশে উদযাপিত



মহান একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উপলক্ষে আমড়া বাংলাদেশ ও ডাউন সিনড্রোম সোসাইটি অব বাংলাদেশের উদ্যোগে নানাবিধ কর্মসূচী

পালিত হয়েছে। সংগঠন দুটির যৌথ উদ্যোগে ঢাকার বনশ্রী ও মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলায় ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিভিন্ন কর্মসূচী পালিত হয় যার মধ্যে শহীদ মিনারে শ্রদ্ধা জানানো, আলোচনা সভা, চিত্রাংকন প্রতিযোগিতা ও ভাষা দিবস নিয়ে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান উল্লেখযোগ্য। ডাউন সিনড্রোম ও বুদ্ধি প্রতিবন্ধী বৈশিষ্ট্য সম্পন্ন শিশু, কিশোররা চিত্রাংকন প্রতিযোগিতা ও দলীয় সংগীতে অংশগ্রহণ করে। সকলের মুখেই উচ্চারিত হয়েছে সালাম, রফিক, বরকত, জব্বার সহ সকল ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী। বাংলাকে মাতৃভাষা হিসেবে অর্জনের ক্ষেত্রে তাদের এ মহান ত্যাগের ও সংগ্রামের কথা শ্রদ্ধাচিত্তে স্মরণ করা হয়। অনুষ্ঠান শেষে এ বীর ভাষা শহীদদের রুহের মাগফেরাতের জন্ত বিশেষ প্রার্থনা করা হয়।